গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
www.dss.pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং ৪১.০১.৯৪৮২.০০০.৬১.০০১.২৫-২৮৯

তারিখ : ১৮ শ্রাবণ ১৪৩৩
০২ আগস্ট ২০২৬

বিষয় : সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা- শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পুন:নির্ধারণ সংক্রান্ত।

সূত্র : ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪.৬৮৩ তারিখ: ৩০ জুলাই ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা- শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণের বিষয়ে ০১ আগস্ট ২০২৬ তারিখ হতে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছিল।

২। সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় সারাদেশে জারিপ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফ্যামিলি কার্ড কর্মসূচির বাস্তবায়নের নিমিত্ত বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপ বৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা - শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপ বৃত্তি) অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পরিবর্তন করে পুন:নির্ধাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**<u>প্রচার, আবেদন গ্রহণ, যাচাই- বাছাই সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপ :</u>**

ক. বাস্তবায়ন নীতিমালার আলোকে ০১ আগস্ট ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ এর পরিবর্তে ০১ - ১৫ আগস্ট ২০২৬ পর্যন্ত পুন:নির্ধারণ করা হয়েছে এবং অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।
খ. আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন;
গ. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুর্বণ নাগরিক কার্ড থাকতে হবে ;
ঘ. আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল/ ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে।
ঙ. আবেদনকারী অন্য কোন সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবে না ;
চ. পূর্বে অনলাইন আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকায় যদি থাকে) পুনরায় আবেদন করার প্রয়োজন নেই ;
ছ. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইন আবেদন (অপেক্ষমান তালিকায় যদি থাকে) এর ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে ;
জ. বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই- বাছাই পূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
ঝ. বাস্তবায়ন নীতিমালার আলোকে চূড়ান্ত তালিকা অনুমোদন সম্পন্ন করতে হবে ;
ঞ. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬ খ্রি. তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন ;

এমতাবস্থায় স্ব- স্ব ইউনিয়নে মাইকে ব্যাপক প্রচার ও প্রচারণার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২/৮/২৬ ইং

(মো: মশিউর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

চেয়ারম্যান
..............নং ..........................ইউনিয়ন
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :
১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঠাকুরগাঁও।
২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। প্রশাসক, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। অফিস কপি।

CS CamScanner